

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৭, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ ভাদ্র ১৪২৭/০৩ সেপ্টেম্বর ২০২০

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯(অংশ-২)-২৫০।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ১৬ মার্চ ২০২০ তারিখে জারিকৃত স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০০৩.১৯(অংশ-২)-১৬৩ মূলে স্থগিতকৃত চাঁদপুর জেলার চাঁদপুর পৌরসভার মেয়র, সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর এবং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছেন :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ সেপ্টেম্বর ২০২০	(মঙ্গলবার)
			৩১ ভাদ্র ১৪২৭	
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৭ সেপ্টেম্বর ২০২০	(বৃহস্পতিবার)
			০২ আশ্বিন ১৪২৭	
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৪ সেপ্টেম্বর ২০২০	(বৃহস্পতিবার)
			০৯ আশ্বিন ১৪২৭	
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	১০ অক্টোবর ২০২০	(শনিবার)
			২৫ আশ্বিন ১৪২৭	

ভোট গ্রহণের সময় : সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি. পর্যন্ত

(৮৬১১)

মূল্য : টাকা ৪.০০

০২। উল্লিখিত চাঁদপুর পৌরসভার স্থগিত নির্বাচন সম্পন্নের লক্ষ্যে মেয়র পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ প্রদানের প্রয়োজন হইবে। তবে ইতঃপূর্বে মেয়র পদে যাহারা মনোনয়নপত্র দাখিল করিয়াছেন, তাহাদের নতুন করিয়া আর মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন হইবে না। সংরক্ষিত কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নতুন করিয়া মনোনয়নপত্র দাখিলের সুযোগ থাকিবে না। উক্ত নির্বাচনটি ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

০৩। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১১.২০-১০১ তারিখ: ১৬ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত জেলা নির্বাচন অফিসার, চাঁদপুর রিটার্নিং অফিসার ও উপজেলা নির্বাচন অফিসার, চাঁদপুর সদর, চাঁদপুর সহকারী রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করিবেন। জেলা প্রশাসক, চাঁদপুর আপিল কর্তৃপক্ষ হিসেবে দায়িত্ব পালন করিবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।